



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৩.০৩.২০২৪

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবিতে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা শুরু

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ আজ রবিবার শুরু হয়েছে। সকাল সাড়ে ৯টায় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পায়রা ও বেলুন উঁড়িয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান।

এর আগে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয় পতাকা ও অলিম্পিক পতাকা উত্তোলন করা হয়।

তিনদিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করবেন। বিভিন্ন ইভেন্টে আগামী ৫ মার্চ সমাপনী খেলা অনুষ্ঠিত হবে।

উদ্বোধন শেষে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, আমরা প্রতিটি ক্ষেত্রে আমাদের অদম্য মনোবলের মাধ্যমে এগিয়ে যাচ্ছি। দৃঢ় মনোবল ও একাগ্রতা থাকলে জীবনে সাফল্য ও অগ্রগতি সম্ভব। সবার আন্তরিকতা নিয়ে খেলার আয়োজন করা হয়েছে। খেলাধূলার ক্ষেত্রে আমাদের শারীরিক শিক্ষা দপ্তরকে আরও বেশি মনোযোগী ও ডেডিকেশন থাকতে হবে। শরীর ও মন গঠনে শিক্ষার্থীদের অংশগ্রহণ খেলাধূলায় আরও বাড়াতে হবে। লক্ষ্য ও উদ্দেশ্য সামনে রেখে কাজ করলে যেকোনো অর্জনের কাছাকাছি পৌঁছানো সম্ভব। দায়িত্ববোধ ও শৃঙ্খলার মধ্য দিয়ে খেলায় অংশগ্রহণ করতে হবে। জীবনের প্রতিটি পদে নীতিবোধকে ধারণ করে আগামতে হবে।

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আজকের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান। তিনি বলেন, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ক্যালেন্ডারের সাথে সমন্বয় করা যেতে পারে। সবার সহযোগিতা ও আন্তরিকতায় খেলা শুরু হয়েছে এবং সম্মন হবে বলে তিনি প্রত্যাশা করেন।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

এ সময় উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, জ্যেষ্ঠ শিক্ষক, রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম, প্রফেসর  
ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেন'সহ শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা,  
কর্মচারী ও ছাত্রলীগের নেতৃত্বন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন পরিসংখ্যান বিভাগের প্রভাষক মোছা.  
মিরা খাতুন।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন  
সহকারী পরিচালক  
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।